

চাঁবিপ্রবি উপাচার্য হলেন জবি অধ্যাপক পেয়ার আহমেদ



অধ্যাপক ড. পেয়ার আহমেদ। ছবি: সংগ্রহীত

জবি প্রতিবেদক

প্রকাশ: ০৭ নভেম্বর ২০২৪ | ২০:৩৩

(-) (অ) (+)

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চাঁবিপ্রবি) নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. পেয়ার আহমেদ। বৃহস্পতিবার রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব এ এস এম কাসেম সাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন, ২০২০ এর ১০ (১) ধারা অনুযায়ী প্রফেসর ড. পেয়ার আহমেদ, গণিত বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়-কে চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে তাঁর যোগদানের তারিখ থেকে নিয়োগ করা হলো।

ভাইস-চ্যান্সেলর হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ ৪ বছর হবে। এ পদে তিনি তাঁর বর্তমান পদের সম্পরিমাণ বেতন ভাতাদি পাবেন এবং বিধি অনুযায়ী ভাইস-চ্যান্সেলর পদের সঙ্গে সংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন। এছাড়া তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিক বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে অবস্থান করবেন। মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

জানা যায়, অধ্যাপক পেয়ার আহমেদ জবির বিজ্ঞান অনুষদের ডিন, সিডিকেট সদস্য, একাডেমিক কাউন্সিল সদস্য, বিশ্ববিদ্যালয়ের রংলস অ্যান্ড রেগুলেশন প্রণয়ন সদস্যসহ আরও অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেন। তিনি আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় (ঢাকা ক্যাম্পাস), আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জাপানের ইয়ামাগাটা বিশ্ববিদ্যালয়সহ দেশ ও দেশের বাইরে ১১টি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছেন।

ক্যাম্পাসে তিনি একজন সুবক্তু, স্পষ্টবাদী, সৎ ও ন্যায়পরায়ণ শিক্ষক হিসেবে পরিচিত। দেশী-বিদেশী জার্নালে তার ৪০টির
বেশি গবেষণাপত্র রয়েছে এবং বিভিন্ন পর্যায়ে তার লেখা কয়েকটি পাঠ্য-পুস্তক রয়েছে।